গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক, ২য় তলা), ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dia.gov.bd

# উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: DIA Automation (Development of Web Based Automation System for the Educational Institutions and Directorate of Inspection & Audit.)

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০২১ এবং SDG-4 এর সফল বাস্তবায়ন, দেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন ও বিশ্বমানে উন্নীতকরণের মাধ্যমে সুশিক্ষিত, দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে দেশের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান যাচাই করে স্বচ্ছ , জবাবদিহিমূলক ও মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান গঠনের লক্ষে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের জন্য অটোমেশন সফট্ওয়্যার (Development of Web Based Automation System for the Educational Institutions and Directorate of Inspection & Audit) প্রস্তুত চূড়ান্ত পর্যায়ে। ০১/০৩/২০২০ তারিখে অটোমশেন সফ্টওয়্যার পাইলটিং এর বিষয়ে মাননীয় শিক্ষা মন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি ও দুই বিভাগের সচিবসহ সকল অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে মতবিনিময় করেন । ইতোমধ্যে নির্দেশনা মোতাবেক এ সফট্ওয়্যারের পাইলটিং সমাপ্ত হয়েছে। এ প্রক্রিয়ায় পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সকল কার্যক্রম সহজিকরণ ও স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন করা যায়। বিশেষ করে প্রতিষ্ঠান পরিদর্শনকালে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইনে পরিদর্শন ও নিরীক্ষা সংক্রান্ত ভ্রমণসূচি তৈরি, পরিদর্শন বিবরণী পূরণ, কর্মশালা ও প্রতিষ্ঠান পরিদর্শনের তারিখ নির্ধারণ, পরিদর্শনসহ কর্মরত শিক্ষক-কর্মচারীদের গৃহীত সরকারি বেতনভাতা ও অতিরিক্ত উত্তোলিত টাকার হিসাবসহ স্বয়ংক্রিয়ভাবে স্বল্প সময়ে একটি মানসম্মত প্রতিবেদন প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরে মন্তব্য ও সুপারিশসহ চূড়ান্ত প্রতিবেদন অনলাইনে প্রেরণ করা যায় এবং দ্রুত ব্রডশিট জবাবের মাধ্যমে নিষ্পত্তি সম্ভব। উল্লেখ্য, এ বিষয়ে ৩৭০০০ প্রতিষ্ঠানের জন্য ডায়নামিক ওয়েব পোর্টালও প্রস্তুত করা হয়েছে। এ পোর্টালে ভ্রমণসূচির সকল আদেশ, পরিদর্শন বিবরণী ও সংযোজনীসমূহ, পরিদর্শন প্রতিবেদন, ব্রডশিট জবাবের ছক, ব্রডশিট জবাব এবং নিষ্পত্তিপত্র পাওয়া যায়। এর ফলে অধিদপ্তরের কাজের গতিশীলতা বাড়বে এবং নিশ্চিত হবে মানসম্মত শিক্ষা। আর এ অধিদপ্তর হবে দেশের প্রথম ডিজিটাইজ অধিদপ্তর । এ সম্পর্কে বিস্তারিত নিম্নে উল্লেখ করা হলো:

## পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন প্রক্রিয়ার  তুলনামূলক চিত্র

### গতানুগতিক প্রক্রিয়া

পরিদর্শন ও নিরীক্ষার জন্য প্রোগ্রাম প্রণয়ন

↓

কর্মশালা আয়োজন (১০ থেকে ১২টি শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে)

↓

প্রতিষ্ঠান প্রধান একজন সহকারীসহ পরিদর্শন বিবরণী ও সংযোজনীসমূহ পূরণ করে উপস্থিত থাকবেন

↓

প্রোগ্রাম অনুযায়ী পরিদর্শন টিমের সরেজমিনে প্রতিষ্ঠানে গমন

↓

পরিদর্শন টিম কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা কাজ সম্পাদন

↓

পরিদর্শন টিমের কর্মস্থল (শিক্ষা ভবন, ঢাকা)-এ প্রত্যাবর্তন

↓

পরিদর্শন টিম কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুতকরণ

↓

পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন বিভাগীয় শাখায় জমা প্রদান

↓

শাখা কর্তৃক যাচাইকরণ ও চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ

↓

সন্দেহজনক সনদ ও রেকর্ড ইস্যুকারী প্রতিষ্ঠানে যাচাইয়ের জন্য প্রেরণ

↓

প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ  এবং একই সাথে প্রতিষ্ঠান প্রধানকে ব্রডশিট জবাবের জন্য প্রতিবেদন প্রেরণ

↓

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ব্রডশিট জবাব জেলা শিক্ষা অফিসার/সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট (মাউশি/কারিগরি/মাদ্রাসা) অধিদপ্তরে প্রেরণ

↓

সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক সুপারিশসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ

↓

মাধ্যিমক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান।

(সংক্ষেপিত)

### অটোমেশনের মাধ্যমে পরিদর্শন প্রক্রিয়া

পরিদর্শন ও নিরীক্ষার জন্য অটোমেশন সফটওয়ারের মাধ্যমে প্রোগ্রাম প্রণয়ন, জারি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে (ইউজার আইডি ও পাসওয়ার্ডসহ) স্বয়ংক্রিয়ভাবে অনলাইনে বিতরণ

↓

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অটোমেশন সফটওয়্যারে ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে পরিদর্শন বিবরণীর ডাইনামিক ফরমে যাবতীয় তথ্য এন্ট্রি ও আনুষঙ্গিক কাগজপত্র সংযুক্তিকরণ শেষে অনলাইনে চূড়ান্তভাবে দাখিল

↓

পরিদর্শন ও নিরীক্ষার জন্য প্রোগ্রামের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে নিয়ে পরিচালকের উপস্থিতিতে কেন্দ্রীয়ভাবে ভার্চুয়াল কর্মশালা আয়োজন ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান

↓

শিক্ষা প্রতিষ্ঠান হতে অনলাইনে দাখিলকৃত তথ্যাদির ভিত্তিতে পরিদর্শন টিম কর্তৃক নির্ধারিত তারিখে প্রতিষ্ঠানটি অনলাইনে/ভার্চুয়াল প্ল্যাটফরম ব্যবহার করে পরিদর্শন করেন

↓

পরিদর্শন টিম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সম্পর্কে তাঁর নিজস্ব মন্তব্য ও সুপারিশ যুক্ত করে স্বয়ংক্রিয় পদ্ধতিতে একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালকের নিকট অনলাইনে দাখিল

↓

উপপরিচালক শাখার সহকারীর নিকট প্রতিবেদনটি উপস্থাপনের জন্য অনলাইনে প্রেরণ করেন

↓

দাখিলকৃত প্রতিবেদন পরিচালকের অনুমোদনের জন্য অনলাইনে উপস্থাপন।

↓

অনুমোদন শেষে প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ এবং একই সাথে প্রতিষ্ঠান প্রধানকে অনলাইনে/পোর্টালে ব্রডশিট জবাবের জন্য প্রতিবেদন প্রেরণ

↓

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ব্রডশিট জবাব জেলা শিক্ষা অফিসার/সভাপতির মাধ্যমে সংশ্লিষ্ট (মাউশি/কারিগরি/মাদ্রাসা শিক্ষা) অধিদপ্তরে প্রেরণ

↓

সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক সুপারিশসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ

↓

মাধ্যিমক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান।

## গতানুগতিক পদ্ধতির বিশ্লেষণঃ

১. সময়ের অপচয়
২. বিদ্যমান পদ্ধতি অনেক সময় সাপেক্ষ (১৫০-১৮০ দিন)।
৩. জটিল কতকগুলো ধাপে সম্পন্ন করতে হয় (৩৪টি)।
৪. ভুল ভ্রান্তির কারণে একই কাজ কয়েকবার করতে হয়।
৫. অধিক জনবলের প্রয়োজন হয়।

## গতানুগতিক পদ্ধতির সমস্যাঃ

১. সময়ের অপচয় হয়। চলমান পদ্ধতি অনেক সময় সাপেক্ষ (১৫০-১৮০ দিন)।
২. জটিল কতকগুলো ধাপে সম্পন্ন করতে হয় (৩৪টি)।
৩. ভুল ভ্রান্তির কারণে একই কাজ কয়েকবার করতে হয়।
৪. অধিক জনবলের প্রয়োজন হয়।
৫. প্রোগ্রাম আদেশ এবং প্রতিবেদন প্রণয়ন, প্রেরণ ও প্রাপ্তিতে অনিশ্চয়তা এবং বিলম্ব হয়।

| পরিধি |
|---|
| ৩৭০০০ শিক্ষা প্রতিষ্ঠান |
| ৩৭০০০ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারি |
| ৩৭০০০ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী |
| ৩৭০০০ শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জনগণ |

| ক্ষেত্র | পূর্বের পদ্ধতি | অটোমেশন পদ্ধতি |
|---|---|---|
| ধাপ | ৩৪ | ১৪ |
| জনবল | ৮-১০ | ৫ |
| সময় | ১৫০-১৮০ দিন | ১৫-২০ দিন |
| খরচ | নেই | নেই |
| ভিজিট | ২-৩টি | নেই |
| মানসম্মত সেবা প্রদান | মানসম্মত সেবা প্রদান করা হয় না | মানসম্মত সেবা প্রদান করা হবে |

| | |
|---|---|
| সময় | সময় হ্রাস : ৮০% হ্রাস |
| খরচ | খরচ: ০০% হ্রাস |
| ভিজিট | ভিজিট: ১০০% হ্রাস |

## অটোমেশন পদ্ধতির সুবিধাসমূহঃ

০১. সরকার অভিষ্ট লক্ষ্যমাত্রা অর্জিত হবে।
০২.অফিস পেপারলেস অফিসে রূপান্তর হবে।
০৩.অল্প যায়গায় অধিক জনবল কাজ করতে পারবে।

০৪. অফিসে না থেকেও অফিসের কাজ করা যাবে।

০৫.তথ্য পাচার রোধ ও অফিসের গোপনীয়তা রক্ষা করা সম্ভব হবে।

০৬.ডেভেলপমেন্ট অব ওয়েব বেইজড এপ্লিকেশন সিস্টেম এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এ অধিদপ্তরের সাথে সার্বক্ষনিক সংযুক্ত থাকবে;

০৭. পরিদর্শন ও নিরীক্ষা ফরম্‌সহ সরকারি সকল ফরম্, আইন, বিধি-বিধান এ সফ্টওয়্যারে অন্তর্ভুক্ত থাকবে

০৮.সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রোফাইল যথা-নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল আইডি ইত্যাদি অটোমেশন সফ্‌ওয়্যারে সবসময় আপডেট থাকবে।

০৯.দ্রুততম সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ই-মেইল ও এসএমএস  এর মাধ্যমে সকল আদেশ ও নোটিফিকেশন প্রাপ্ত হবেন।

১০. দ্রুততম সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ পরিদর্শন প্রতিবেদন প্রাপ্ত হবেন।

১১. কাজের ধাপ কমে যাবে (৩৪ থেকে ১৪ ধাপ)।

১২. একই কাজ বারবার করতে হবে না।

১৩. কম জনবলে অধিক কাজ করা যাবে।

১৪. প্রতিবেদন প্রণয়নে ইউনিফরমিটি থাকবে।

১৫.দ্রুততম সময়ে APA বাস্তবায়ন সম্ভব হবে।

## ভবিষ্যত পরিকল্পনা:

৩৭০০০ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারী, পরিচালনা কমিটি ও শিক্ষার্থীর প্রোফাইলসহ সকল তথ্য আপডেট ও সংরক্ষণ করা হবে।

**উদ্ভাবনী উদ্যোগের বর্তমান অবস্থা:** অধিদপ্তরের সকল কাজ অটোমেশনের আওতায় আনায়নে ওয়েব বেইজড এপ্লিকেশন সিস্টেম সফ্টওয়্যার ডেভেলপ (Development of Web Based Automation System for the Educational Institutions and Directorate of Inspection & Audit.) করার জন্য ২০১৭ সালের ৩১ ডিসেম্বর Ethics Advanced Technology Ltd. সাথে একটি চুক্তি সম্পাদিত হয়। এ সফটওয়্যারের পাইলটিং ইতোমধ্যে সফলভাবে সমাপ্ত হয়েছে। এ সফটওয়্যার ব্যবহার করে কোভিডকালীন মহামারীতেও গত ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়ন করা হয়েছে।  সফ্টওয়্যারটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর প্রক্রিয়াধীন রয়েছে।

বাস্তবায়নে: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

স্বাক্ষরিত

**প্রফেসর অলিউল্লাহ মোঃ আজমতগীর**

পরিচালক

ফোন: ৯৫৫২৮৫৮